দৈনিক সংবাদ

তারিখ ... 0.3.JUN 19[illegible]
পৃষ্ঠা ২ কলাম ২

# বিশেষ পরীক্ষার্থী রহস্য মন্ত্রণালয় ঘটনা জেনেছে ব্যাখ্যা দিয়েছে বোর্ড

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা শিক্ষা বোর্ডের 'বিশেষ পরীক্ষার্থীর' ঘটনা নিয়ে গতকাল ব্যাপক তোলপাড় হলেও শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে চুপচাপ। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে নিয়েও হয়নি কোন ঘাঁটাঘাঁটি। জানা গেছে, শিক্ষামন্ত্রীর নির্দেশে শিক্ষা সচিব গতকাল সকালে এ ঘটনার জন্য বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রককে মন্ত্রণালয়ে ডেকে ঘটনার রহস্য জানেন। পরে বোর্ডের সপক্ষে একটি ব্যাখ্যা দিয়ে পত্রিকায় পাঠাতে বলেন।

সূত্র জানিয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব পর্যায়ের এক কর্মকর্তার চাপেই বোর্ড এই বিশেষ ছাত্রকে পরীক্ষা দেয়ার সুযোগ করে দিয়েছিল। পরীক্ষার্থীর বাবা একটি প্রতিষ্ঠিত ব্যাংকের প্রিন্সিপ্যাল ম্যানেজার, গ্রামের বাড়ি বরিশালের মুলাদি থানায়।

ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মুঃ তোজাম্মেল হোসেন গতকাল এই

রহস্য ঃ পৃঃ ১২ কঃ ৫

## রহস্য ঃ বিশেষ পরীক্ষার্থী

(১ম পৃষ্ঠার পর)

প্রতিবেদককে বলেন, নটরডেম কলেজের অধ্যক্ষের সুপারিশেই এই ছাত্রকে ফরম ফিলাপ করার সুযোগ দেয়া হয়েছিল গত ১৩ই মে। এরপর তার প্রবেশপত্র ইস্যু করা হয় ২৭শে মে। পরদিন ২৮শে মে পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ আতাউর রহমান গতকাল এই ঘটনা সম্পর্কে এক ব্যাখ্যায় বলেন, বিশেষ ব্যবস্থায় পরীক্ষা নেয়া নিশ্চয় আইন ও নীতিবিরোধী, তবে বিশেষ রোল নম্বর প্রদান করে পরীক্ষা গ্রহণ করা বোর্ডের নিয়ম আছে। এর আগে এ ব্যবস্থায় পরীক্ষা নেয়া হয়েছে এবং গোপনীয়তা রক্ষা করে ফলাফলও প্রকাশ করা হয়েছে। কোন প্রভাবশালী ব্যক্তি বা শিক্ষা মন্ত্রণালয়ের কোন কর্মকর্তার অনুরোধে বা চাপে এ কাজটি করা হয়েছে বলে যে মন্তব্য করা হয়েছে তা সত্য নয়।